



নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড  
ISO 9001:2015, ISO 14001:2015 & ISO  
45001:2018 Certified  
(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)  
মানবসম্পদ ও প্রশাসন বিভাগ  
www.nwpgcl.gov.bd

ইউটিসি বিল্ডিং (লেভেল ৩ ও  
৪), ৮ পান্থপথ, কাওরানবাজার,  
ঢাকা -১২১৫,  
০২-৪৮১২২১১৭-১১৮

নম্বর: ২৭.২৮.০০০০.০০০.৫০১.১৮.০১১৮.১৭.৯২৩

তারিখ: ৫ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ  
২০ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

### পরিপত্র

বিষয়: নর্থ-ওয়েস্ট নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড-এর কর্মকর্তা-কর্মচারীদের সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে, ইদানিং লক্ষ্য করা যাচ্ছে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড-এ কর্মরত কিছু সংখ্যক কর্মকর্তা-কর্মচারী সামাজিক যোগাযোগ মাধ্যমে তাদের ব্যক্তিগত একাউন্টে ‘সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯’ অনুযায়ী পরিহারযোগ্য বিভিন্ন বিষয়ে ব্যক্তি/প্রতিষ্ঠান/সরকারকে বিব্রত করে এমন স্ট্যাটাস দিচ্ছেন যা সার্ভিস রুলস পরিপন্থী ও বিধি লঙ্ঘনের শামিল, অনেকক্ষেত্রে জাতীয় নিরাপত্তার জন্য হানিকর এবং ‘অত্র কোম্পানির কর্মচারী চাকরি বিধি-২০১৬ ও সরকারি কর্মচারী শৃঙ্খলা ও আপিল বিধিমালা, ২০১৮’ অনুযায়ী অসদাচরণের পর্যায়ভুক্ত অপরাধ।

০২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ০৭/০৫/২০২০ তারিখের সূত্র নম্বরঃ ০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭.১৩৬ মোতাবেক জারিকৃত পরিপত্র এবং গত ১৫/০১/২০২৫ তারিখের সূত্র নম্বরঃ ০৫.০০.০০০০.১৩০.০৪.২১.২০.৯৬ এর আদেশ মোতাবেক ‘সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যবহার নির্দেশিকা, ২০১৯’ এর আলোকে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড-এর কর্মকর্তা-কর্মচারীগণকে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়সমূহ অনুসরণ করার জন্য অনুরোধ করা হলেঃ

(ক) সামাজিক যোগাযোগের বিভিন্ন মাধ্যমে কোম্পানি, সরকার বা রাষ্ট্রের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয় এমন কোনো পোস্ট, ছবি, অডিও বা ভিডিও আপলোড, কमेंট, লাইক, শেয়ার করা থেকে বিরত থাকতে হবে;

(খ) জাতীয় ঐক্য ও চেতনার পরিপন্থী কোনো রকম তথ্য-উপাত্ত প্রকাশ করা থেকে বিরত থাকতে হবে;

(গ) কোনো সম্প্রদায়ের ধর্মীয় অনুভূতিতে আঘাত লাগতে পারে এমন বা ধর্মনিরপেক্ষতার নীতি পরিপন্থী কোনো তথ্য-উপাত্ত প্রকাশ করা যাবে না। সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট বা আইন-শৃঙ্খলার অবনতি ঘটতে পারে এরূপ কোনো পোস্ট, ছবি, অডিও বা ভিডিও আপলোড, কमेंট, লাইক, শেয়ার করা থেকে বিরত থাকতে হবে;

(ঘ) জাতীয় গুরুত্বপূর্ণ ব্যক্তি, কোম্পানির দায়িত্বশীল কর্মকর্তা, প্রতিষ্ঠান বা অন্য কোনো সার্ভিস/পেশাকে হয়ে প্রতিপন্ন করে এমন কোনো পোস্ট, কमेंট, লাইক, শেয়ার করা থেকে বিরত থাকতে হবে;

(ঙ) লিঙ্গ বৈষম্য বা এ সংক্রান্ত বিতর্কমূলক কোনো তথ্য-উপাত্ত প্রকাশ করা যাবে না;

(চ) জনমনে অসন্তোষ বা অপ্রীতিকর মনোভাব সৃষ্টি করতে পারে এমন কোনো বিষয় লেখা, অডিও বা ভিডিও ইত্যাদি প্রকাশ বা শেয়ার করা যাবেনা;

(ছ) ভিত্তিহীন, অসত্য ও অশ্লীল তথ্য প্রচার হতে বিরত থাকতে হবে;

(জ) অন্য কোনো রাষ্ট্র ও রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ ব্যক্তি সম্পর্কে বিরূপ মন্তব্য সম্বলিত কোনো পোস্ট, ছবি, অডিও বা ভিডিও আপলোড, কमेंট, লাইক, শেয়ার করা থেকে বিরত থাকতে হবে;

(ঝ) সামাজিক যোগাযোগ মাধ্যম- ফেইসবুক/ হোয়াটসঅ্যাপ/ অভ্যন্তরীণ বিভিন্ন গ্রুপ/ সাব-গ্রুপে ব্যক্তিগত আক্রমণ করাসহ কোম্পানির ভাবমূর্তি ক্ষুণ্ণ হয় এমন কোনো কमेंট, লাইক, শেয়ার করা থেকে বিরত থাকতে হবে;

৩। সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবস্থাপনার ক্ষেত্রে ‘কন্টেন্ট’ ও ‘ফ্রেন্ড’ সিলেকশনে সতর্কতা অবলম্বন এবং অপ্রয়োজনীয় ট্যাগ, রেফারেন্স বা শেয়ার করা পরিহার করতে হবে। সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যবহারসহ উপরিলিখিত কার্যাবলী বা নিজ একাউন্টের ক্ষতিকারক কন্টেন্টের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী ব্যক্তিগতভাবে দায়ী হবেন এবং সেজন্য প্রচলিত আইন ও বিধি-বিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

*Mohammad Rahman Mondol*

২০-০৮-২০২৫

মোঃমামুনুর রহমান মন্ডল  
মহাব্যবস্থাপক (মানব সম্পদ ও প্রশাসন)

০১৭৩০০৬৬৯৭৭

gm.hradmin@nwpqcl.gov.bd

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ**

- ১। নির্বাহী পরিচালক (সকল), নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ।।
- ২। প্রধান প্রকৌশলী (সকল), নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড।।
- ৩। মহাব্যবস্থাপক (সকল), নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ।।
- ৪। প্রকল্প পরিচালক (সকল), নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড।।
- ৫। প্লান্ট ম্যানেজার (সকল), নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড।।
- ৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (টিএমই), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানী লিমিটেড।



*Mohammad Rahman Mondol*

২০-০৮-২০২৫

মোঃমামুনুর রহমান মন্ডল  
মহাব্যবস্থাপক (মানব সম্পদ ও প্রশাসন)